



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সাদুল্লাপুর, গাইবান্ধা।


মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা-২০২১ এর সময়সূচী ও মানবন্টন

শ্রেণি	২৪/১১/২০২১ বুধবার	২৫/১১/২০২১ বৃহস্পতিবার	২৭/১১/২০২১ শনিবার	২৮/১১/২০২১ রবিবার	২৯/১১/২০২১ সোমবার	৩০/১১/২০২১ মঙ্গলবার
দাখিল ১০ম		কুরআন মাজিদ ও তাজভিদ	গণিত	বাংলা		ইংরেজি
দাখিল ৯ম		কুরআন মাজিদ ও তাজভিদ	গণিত	বাংলা		ইংরেজি
দাখিল ৮ম	কুরআন মাজিদ ও তাজভিদ	বাংলা	গণিত		ইংরেজি	
দাখিল ৭ম	কুরআন মাজিদ ও তাজভিদ	বাংলা		গণিত	ইংরেজি	
দাখিল ৬ষ্ঠ	কুরআন মাজিদ ও তাজভিদ		গণিত		বাংলা	ইংরেজি

পরীক্ষা সকাল ১০.০০ঘটিকা থেকে ১১.৩০ঘটিকা পর্যন্ত চলবে।

-: মানবন্টন :-

বিষয়	লিখিত	MCQ	মোট
কুরআন মাজিদ ও তাজভিদ	৩৫	১৫	৫০
বাংলা (১ম ও ২য় পত্র)	৩৫	১৫	৫০
ইংরেজি (১ম পত্র-৩০ ও ২য় পত্র-২০)	--	--	৫০
সাধারণ গণিত	৩৫	১৫	৫০


(সৈয়দ মনিরুল হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।
২৪/১১/২০২১

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd



স্মারক নম্বর : ৫৭.২৫.০০০০.০০৬.০৩.০০৪.২১-১১৫

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১

বিষয়: দাখিল ৬ষ্ঠ শ্রেণি থেকে দাখিল ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং দাখিল দশম শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা ২০২১ গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৪/১১/২০২১ খ্রি. থেকে ৩০/১১/২০২১ খ্রিষ্টাব্দের মধ্যে দাখিল ৬ষ্ঠ শ্রেণি থেকে দাখিল ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষা এবং দাখিল ১০ম শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা ২০২১ গ্রহণ করতে হবে। এতদবিষয়ে নিম্নলিখিত নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণ করতে হবে:

১. কুরআন মাজিদ ও তাজভিদ, বাংলা, ইংরেজী এবং সাধারণ গণিত বিষয়ে পরীক্ষা নিতে হবে;
২. পরীক্ষার প্রশ্নপত্রের মান হবে ৫০ নম্বরের;
৩. প্রতিটি বিষয়ের পরীক্ষার সময় হবে ১ ঘন্টা ৩০ মিনিট;
৪. সিলেবাস:

যে সকল অধ্যায় থেকে অ্যাসাইনমেন্ট (কুরআন মাজিদ ও তাজভিদ, বাংলা, ইংরেজী এবং সাধারণ গণিত বিষয়) দেওয়া হয়েছে সে সকল অধ্যায় এবং ১২/০৯/২০২১ খ্রি. হতে শ্রেণিকক্ষে যে সকল অধ্যায়ের ওপর পাঠদান করা হয়েছে তা দাখিল ৬ষ্ঠ থেকে দাখিল ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সিলেবাস;

৫. বার্ষিক/নির্বাচনী পরীক্ষার নম্বর বিন্যাস হবে নিম্নরূপ:

- (ক) কুরআন মাজিদ ও তাজভিদ বিষয়ের নম্বর হবে- ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);
 - (খ) বাংলা (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে- ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);
 - (গ) ইংরেজী (১ম ও ২য় পত্র) বিষয়ের নম্বর হবে- ৫০ (১ম পত্র ৩০ + ২য় পত্র ২০);
 - (ঘ) সাধারণ গণিত বিষয়ের নম্বর হবে- ৫০ (লিখিত ৩৫ + MCQ ১৫);
 - (ঙ) প্রত্যেক শিক্ষার্থীর বার্ষিক পরীক্ষার নম্বরের সাথে চলমান সকল বিষয়ের অ্যাসাইনমেন্টের ওপর ৪০ নম্বর যোগ করতে হবে এবং
 - (চ) বার্ষিক পরীক্ষায় দাখিল ৭ম শ্রেণি থেকে দাখিল ১০ম শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর আরও ১০ নম্বর যোগ করতে হবে। উল্লেখ্য, দাখিল ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের ক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশগ্রহণ ও স্বাস্থ্যবিধি মেনে চলার সঙ্গে বৃক্ষরোপণ প্রকল্পে তাদের কর্মতৎপরতা যুক্ত করে এই ১০ নম্বর যোগ করতে হবে;
 - (ছ) অর্থাৎ মোট ১০০ নম্বরের (৫০+৪০+১০) ওপর প্রত্যেক শিক্ষার্থীকে মূল্যায়নপূর্বক বার্ষিক পরীক্ষার ফলাফল তৈরি করে শিক্ষার্থীদের প্রোগ্রেসিভ রিপোর্ট প্রদান করতে হবে;
- ৬। ২০২১ শিক্ষাবর্ষে এ পরীক্ষা ব্যতীত অন্য কোন পরীক্ষা নেয়া যাবে না;
- ৭। অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা সূষ্ঠাভাবে সম্পন্ন করতে হবে। পরীক্ষা সমাপনান্তে রিপোর্ট দাখিল করবেন।

- ১। অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/
সরকারি মোস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।
- ২। অধ্যক্ষ/সুপার (সকল দাখিল, আলিম, ফায়িল ও কামিল মাদ্রাসা)।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৪। উপ-পরিচালক, মাউশি (সকল)
- ৫। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

তীর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা
বাস্তবায়নের অনুরোধ করা হলো।

সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, বিএমটিটিআই, গাজীপুর।

২৪/১০/২১

মোঃ জিয়াউল আহসান
পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৯২

ziaulhsan0000@gmail.com